

## আজ থেকে মালয়েশিয়ায় বিমানের ফ্লাইট

- A Monitor Desk Report

Date: 02 November, 2021



মালয়েশিয়া সরকার বাংলাদেশ থেকে যাত্রী পরিবহনে বিধিনিষেধ শিথিল করায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ঢাকা-কুয়ালালামপুর রুটে আজ থেকে পুনরায় যাত্রী পরিবহন শুরু করতে যাচ্ছে।

বিমান জানিয়েছে, আজ থেকে সপ্তাহে প্রতি মঙ্গলবার, বৃহস্পতিবার, শুক্রবার ও রবিবার স্থানীয় সময় সন্ধ্যা ৭টা ১৫ মিনিটে কুয়ালালামপুরের উদ্দেশ্যে বিমানের ফ্লাইট ছেড়ে যাবে এবং কুয়ালালামপুর থেকে প্রতি বুধবার, শুক্রবার, শনিবার ও সোমবার স্থানীয় সময় রাত ২টা ৩০ মিনিটে ঢাকার উদ্দেশ্যে ফ্লাইট যাত্রা করবে। গত ৭ মে থেকে বাংলাদেশ হতে কুয়ালালামপুর রুটে যাত্রী পরিবহন বন্ধ ছিল। তবে মালয়েশিয়া থেকে যাত্রীরা বাংলাদেশে আসতে পারতেন। তবে মালয়েশিয়া থেকে যাত্রীরা বাংলাদেশে আসতে পারতেন।

অপরদিকে আজ থেকে সিলেট-কক্সবাজার রুটেও বিমানের ফ্লাইট চালু হচ্ছে। পাশাপাশি ৩ নভেম্বর থেকে সৈয়দপুর-কক্সবাজার রুটে ফ্লাইট সংখ্যা বাড়াতে যাচ্ছে বিমান।

সিলেট থেকে সপ্তাহে প্রতি মঙ্গলবার দুপুর ১২টা ৪৫ মিনিটে এবং বৃহস্পতিবার দুপুর ১২টায় বিমানের ফ্লাইট কক্সবাজারের উদ্দেশ্যে ছেড়ে যাবে এবং কক্সবাজার থেকে সপ্তাহে প্রতি রবিবার দুপুর ১টা ৩০ মিনিটে এবং মঙ্গলবার দুপুর ২টা ৪৫ মিনিটে সিলেটের উদ্দেশ্যে ছেড়ে যাবে। অন্যদিকে আগামীকাল হতে শীতকালীন সূচিতে সৈয়দপুর-কক্সবাজার রুটে সপ্তাহে একদিনের পরিবর্তে সৈয়দপুর থেকে সপ্তাহে প্রতি বুধবার ও বৃহস্পতিবার সকাল ১০টা ২০ মিনিটে বিমানের ফ্লাইট কক্সবাজারের উদ্দেশ্যে ছেড়ে যাবে এবং কক্সবাজার থেকে সপ্তাহে প্রতি শনিবার ও রবিবার দুপুর ২টায় সৈয়দপুরের উদ্দেশ্যে ছেড়ে যাবে।